



12239 - যবে ব্যক্তি হজ্জ কথিবা উমরা করতে ইচ্ছুক, তিনি ভুলবশতঃ ইহরাম না করে মীকাত অতক্রিম করে ফলেছেন, এরপর আবার মীকাতে ফরি গিয়ে ইহরাম করছেন তার উপর কোন কিছু বর্তাবে না

প্রশ্ন

সম্প্রতি আমি রিয়াদ থেকে উমরা করতে গিয়েছি। আমি নিজ বাসা থেকেই ইহরামের কাপড় পরে নিয়েছি; তবে নিয়ত করনি। আমার ধারণা ছিল আমি বমিনে মীকাত অতক্রিমের সময় নিয়ত করব। কিন্তু দুঃখের বিষয় হলো মীকাত পার হওয়ার সময় আমি বমিনে কোন ঘোষণা শুনিনি। তাই আমি নিয়ত করতে পারিনি। যহেতু বমিনে মীকাত পার হয়ে গেছে। তাই আমি সিদ্ধান্ত নিলাম যে, মক্কায় চলে যাব। মক্কায় পৌঁছে আমি ইহরামের কাপড় পাল্টে সাধারণ পোশাক পরলাম। এরপর গাড়ী চালিয়ে তায়ফেরে নকিটবর্তী ক্বারনুল মানায়লি মীকাতে এলাম। সেখানে এসে পুনরায় ইহরামের কাপড় পরে উমরার নিয়ত করলাম। এরপর মক্কায় এসে উমরার কার্যাবলী সমাপ্ত করলাম। আশা করি আপনারা আমাকে অবগত করবেন যে, আমি কি আমার উমরাটি সঠিকভাবে সমাপ্ত করতে পরেছি? নাকি আমাকে কাফফারা দিতে হবে? যদি আমার উপর কাফফারা ওয়াজবি হয় তাহলে আমাকে কি করতে হবে? আশা করি আমি জবাব পাব।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

যে ব্যক্তি ইহরাম ছাড়া মীকাত অতক্রিম করেছে তার উপর আবশ্যিক মীকাতে ফরি যাওয়া এবং সেখান থেকে ইহরাম করা। সে ব্যক্তি যখন জদ্দাতে বমিন থেকে নামবে তখন গাড়ীতে চড়ে নজদরে মীকাতে যাবে এবং সেখান থেকে ইহরাম বাঁধবে। যদি জদ্দা থেকে ইহরাম বাঁধে অথচ সে আগাই হজ্জ ও উমরা করার ব্যাপারে দৃঢ় সংকল্প ছিল; তাহলে ইহরাম বহীন অবস্থায় মীকাত অতক্রিম করার কারণে তাকে প্রতিকার হিসেবে একটি পশু জবাই করতে হবে।

[ফাতওয়াশ শাইখ বনি জবিরীন]

সম ধরণের ফতোয়া দেখুন 'ফাতওয়া ইসলামিয়া' গ্রন্থে (২/২০২)

প্রশ্নকারী ভাই, আপনি মীকাতে ফরি গিয়ে ও সেখান থেকে ইহরাম বাঁধে সঠিক কাজটি করছেন। আপনি ইহরামের কাপড় পাল্টানো দম (পশু জবাই)-কে আবশ্যিক করবে না। যহেতু আপনি মূলতঃই ইহরাম করবেন। কারণ ইহরাম হচ্ছে নুসুকে (হজ্জ-উমরার কাজে) প্রবশেরে নিয়ত; ইহরামের কাপড় পরাধীন নয়। অতএব, আপনার আমলটি সঠিক। আপনার উপর কাফফারা আবশ্যিক নয়। আলহামদু লিল্লাহ।